

## কৃত্রিম ভাবে গরু মোটাতাজাকরনের বিরুদ্ধে দুদকের তৎপরতা

(অভিযানের তারিখ: ১২ আগস্ট, ২০১৮ খ্রি:)



অধিক মুনাফার লোভে গরুকে অস্বাভাবিক প্রক্রিয়ায় মোটাতাজা করে আসন্ন কোরবানির ঈদের পূর্বে জনসাধারণকে স্বাস্থ্য ঝুঁকিতে ফেলা হচ্ছে, দুদক অভিযোগ কেন্দ্রে (১০৬) আগত এমন অভিযোগের প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরকে সহায়তার লক্ষ্যে রাজধানীর খামারবাড়িস্থ প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গমন করে দুদক টিম। সহকারী পরিচালক মোঃ মনিরুজ্জামানের নেতৃত্বে দুই সদস্যেও একটি টিম আজ (১২/০৮/২০১৮ ইং) এ কার্যক্রমে অংশ নেয়। সরেজমিন পরিদর্শন করে দুদক টিম গরুকে স্টেরয়েড মুক্ত রাখা, আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা এবং গবেষণা

কার্যক্রম সমৃদ্ধ করার উপর গুরুত্বারোপ করে। প্রাণিসম্পদ অধিদপ্তর দুদক টিমকে অবহিত করে, এ অপতৎপরতা প্রতিরোধে তারা নানা সচেতনতামূলক কর্মকান্ড পরিচালনা করছে। এছাড়া গত বছর কোরবানি ঈদেও সময় প্রাণিসম্পদ অধিদপ্তরের সহায়তায় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বিভিন্ন সচেতনতামূলক কর্মকা- পরিচালনা করেছিল। এবছর তারা নিজ উদ্যোগে খাদ্য সচেতনতার জন্য বড় বড় পশুর হাটে ডিজিটাল ডিসপ্লিতে জনসচেতনতামূলক প্রদর্শনী করবে বলে জানায়।

এ প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, “মুনাফার নেশায় গরুকে স্টেরয়েড ব্যবহার করে মোটাতাজা করা এক ভয়ানক অপরাধ। এ জাতীয় দুর্নীতি প্রতিরোধে প্রাণিসম্পদ অধিদপ্তরকে সহায়তা এবং জনগনকে সচেতন করতে চায় দুদক। ”